দৈনিক ইত্তেফাক

তারিখ 04 JUL 1996
পৃঃ কলাম

# বুয়েট-এর বাজেট অনুমোদন

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-৯৭ অর্থ বছরের জন্য ১৭ কোটি ৯৩ লক্ষ ৮৫ হাজার টাকার মূল বাজেট এবং ১৯৯৫-৯৬ অর্থ বছরের জন্য ১৭ কোটি ১৬ লক্ষ ৩৮ হাজার টাকার সংশোধিত বাজেট সিণ্ডিকেট কর্তৃক অনুমোদিত হইয়াছে। ১৯৯৬-৯৭ অর্থ বছরের বাজেটে ৩৮ লক্ষ ৮৫ হাজার টাকা এবং ১৯৯৫-৯৬ অর্থ বছরের বাজেটে ৩৬ লক্ষ ২৬ হাজার টাকা ঘাটতি থাকিবে। গত রবিবার সিণ্ডিকেটের এই সভা অনুষ্ঠিত হয়। ভাইস চ্যান্সেলর ডঃ মোহাম্মদ শাহজাহান সিণ্ডিকেটের সভায় সভাপতিত্ব করেন।

১৯৯৬-৯৭ অর্থ বছরের মূল বাজেট বরাদ্দের মধ্যে ১৬ কোটি ৬৩ লক্ষ টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকারের নিকট হইতে পাওয়া যাইবে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র হইতে আয় ধরা হইয়াছে ৯২ লক্ষ টাকা। অবশিষ্ট ৩৮ লক্ষ ৮৫ হাজার টাকা ঘাটতি থাকিবে। —প্রেস বিজ্ঞপ্তি